


ওরাকল ডিবিএ শিখুন

(পূর্ব প্রকাশিতের পর : পর্ব-৭)

ORACLE DBA



আজকের বিষয়- 'সোজিৎ ডেটা': **Loading Data**

বন্ধুরা আশা করি ভালোই আছেন। গত সংখ্যায় আমরা আলোচনা করেছিলাম Rollback সিগমেন্ট Oracle Database-এ কীভাবে Configuration করা যায়। এর পর্যায়ে ধাপগুলো লিখেছিলাম। আজকের বিষয় হচ্ছে Text ফাইলের কোন Data কীভাবে Oracle Database-এ Insert করা যায়। অনেক সময় ASCII format-এর Data যা Text ফাইলে পড়া যায়, Dataগুলো Oracle Database-এ Data Processing-এর জন্য প্রয়োজন হতে পারে। সুতরাং জেনে রাখুন, কাজে আসতে পারে।

১ম Step :

Data-এর নমুনা দেওয়া হলো যেমন—

```
10Ali9882043 এটি প্রথম লাইনে পরবর্তীতে
পর্যায়ক্রমে lineগুলো হবে—
20Akb09882143
30Mamun9882240 এই Dataগুলো Phone.Txt
নামে ফাইলে Save করা হলো—
```

২য় Step :

Mytel.txt নামে অপর একটি ফাইলে যা থাকবে সেটি হলো

```
load data
infile 'C:\data\Phone.txt'
insert
into table data_load
(SI position (1:2) integer external,
name Position (3:7) Char,
Phone Position (8:15) integer external)
```

উপরের lineগুলো বিশ্লেষণ করলে দেখা যাবে, Dataগুলো যে Sequence অনুযায়ী পর্যায়ক্রমে Insert হবে তার Command লেখা হয়েছে। যেমন Table space-এর নাম data_load এবং

ORACLE

10Ali9882043 Data line এর 10 হচ্ছে SI Column, Ali হচ্ছে name Column এবং সবশেষে 9882043 হচ্ছে Phone Column. এবং Columnগুলোর Position এবং type দেওয়া হয়েছে যেমন Integer ও Char.

৩য় Step :

SQL->Connect Scott/tiger; এখানে Scott User-এ Connect করা হলো
Create table data_load,
(SI number, name Var Char2(10), Phone number)

অর্থাৎ SQL-> desc data_load; run করলে Data_load table-এর Fieldগুলো যেমন SI, name এবং Phone দেখা যাবে। এখানে Phone.txt ফাইলের External dataগুলো Insert করার ব্যবস্থা করা হলো।

৪র্থ Step :

Oracle database থেকে বের হয়ে CAPrompt-এ এসে গুরুত্বপূর্ণ External data loader Command run করতে হবে। এখানে External Commandটি হচ্ছে SQLLDR। আশা করি এটি আপনার note রাখবেন। এখন কীভাবে Data insert করা যায় সেটি দেখা যাক।

```
C:\>Sqlldr Control-C:\data\mytel.txt
Username : Scott
```

Password : tiger এবং Enter দেওয়ার সঙ্গে সঙ্গে Data insert হয়ে যাবে।

৫ম Step :

সর্বশেষ ধাপে আমরা দেখে নিই Dataগুলো Scott User-এর অধীনে ঠিকমতো Insert হয়েছে কিনা।
SQL->Connect Scott/tiger;
SQL->Select*from data_load; এবং দেখা যাবে SI/10 Name/Ali Phone/9882043 Successfully Insert হয়েছে।

এভাবে অল্প থেকে প্রচুর Data SQLLDR দ্বারা Oracle Database-এ Insert করা যায়।

যেকোনো সমস্যায় darrajit@yahoo.com-এ যোগাযোগ করুন।

সর্বশেষে www.catvalley.4mg.com দেখতে ভুলবেন না। (চলবে)